রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ৬, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ, ১লা ডিসেম্বর ২০০৩/১৭ই অগ্রহায়ণ ১৪১০

এস, আর, ও নং ৩৩২-আইন/২০০৩—The Local Government (Union Parishads) Ordinance, 1983 (Ord. LI of 1983) এর section 55 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইউনিয়ন পরিষদসমূহের জন্য নিম্নরূপ আদর্শ কর তফসিল (Model Tax Schedule) প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ঃ—

(১) এই কর তফসিল ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা দেশের সকল ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) সরকার বিজ্ঞপ্তির মাধ্যমে যেই তারিখ নির্দিষ্ট করিবে সেই তারিখ হইতে ইহা কার্যকর হইবে।

২। **ইমারত এবং ভূমির উপর কর আরোপ ঃ**—কোন ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত এলাকায় কোন ইমারত এবং ভূমির বার্ষিক মূল্যের উপর অনধিক শতকরা ৭ ভাগ হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত না হইলে কোন ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমি বা ইমারতের উপর কর আরোপ করা যাইবে না।



মূল্য ঃ টাকা ৩.০০

৩। **পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর কর আরোপ** ঃ—কোন ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত এলাকায় মুনাফার উদ্দেশ্যে ব্যবসা পরিচালনাকারী কোম্পানী, ফার্ম এবং ব্যাংকসহ (নিবন্ধনকৃত সমবায় সমিতি ব্যতীত) অন্যান্য পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর বাৎসরিক অনধিক নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

(ক) ঠিকাদার প্রতিষ্ঠান অথবা তাহাদের এজেন্টের ক্ষেত্রে নিম্ন বর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত হারে কর আরোপযোগ্য হইবে যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | ঠিকাদারের শ্রেণী | আরোপযোগ্য কর |
|---|---|---|
| ১। | বিশেষ শ্রেণীর ঠিকাদার | ৩০০.০০ |
| ২। | ১ম শ্রেণীর ঠিকাদার | ২৫০.০০ |
| ৩। | ২য় শ্রেণীর ঠিকাদার | ১০০.০০ |
| ৪। | ৩য় শ্রেণীর ঠিকাদার | ৭৫.০০ |
| ৫। | সরবরাহকারী প্রতিষ্ঠান | ৭৫.০০ |

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান অথবা ট্রেনিং সেন্টারের ক্ষেত্রে নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত হারে কর আরোপযোগ্য হইবে যথা ঃ—

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের শ্রেণী | আরোপযোগ্য কর |
|---|---|---|
| ১। | বেসরকারী বিশ্ববিদ্যালয় | ২৫০.০০ |
| ২। | কিন্ডার গার্টেন স্কুল | ১০০.০০ |
| ৩। | কোচিং সেন্টার | ১০০.০০ |
| ৪। | ট্রেনিং সেন্টার (বেসরকারী) | ১০০.০০ |

(গ) বেসরকারীভাবে পরিচালিত নার্সিং হোমের উপর বাৎসরিক ২৫০.০০ টাকা হারে কর আরোপ করা যাইবে;

(ঘ) দফা (ক), (খ) ও (গ) এ উল্লিখিত শ্রেণী ব্যতীত অন্যান্য প্রকারের পেশা, ব্যবসা এবং ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত হারে কর আরোপযোগ্য হইবে যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | পেশা, ব্যবসা এবং ব্যবসা প্রতিষ্ঠানের শ্রেণী | আরোপযোগ্য কর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | (ক) স্ট্যাম্প ভেন্ডার | ৭৫.০০ |
| | (খ) দলিল লেখক | ৫০.০০ |
| ২। | ট্রাভেলিং এজেন্ট | ১৫০.০০ |
| ৩। | সকল প্রকার আমদানী-রফতানী ব্যবসা | ১৫০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৪। | সিনেমা হল | ২০০.০০ |
| ৫। | পাট/ধান/চাউল/মৎস্য/তৈল/ ময়দা/আটা/গুড়/ডিম/তুলা/ রেশম অথবা অন্য কোন পণ্যের কারবারের আড়তের ব্যবসা। | ১২৫.০০ |
| ৬। | ইট/বালু/পাথরের ব্যবসা | ২০০.০০ |
| ৭। | চিকিৎসক, দন্তচিকিৎসক(যাহার আয় আয়কর প্রদানযোগ্য) | ২৫০.০০ |
| ৮। | চিকিৎসক, দন্তচিকিৎসক(যাহার আয় আয়কর প্রদানযোগ্য নহে) | ১০০.০০ |
| ৯। | (ক) চাউল/আটা/ডাল/তৈল/ময়দা/সেমাই/মসল্লা ভাঙ্গার কল (অটোমেটিক ব্যতীত) | ১০০.০০ |
| | (খ) চাউল/আটা/ডাল/তৈল/ময়দা/সেমাই/মসল্লা ভাঙ্গার কল (অটোমেটিক) | ১৫০.০০ |
| ১০। | করাত কল, লেদ মেশিন | ১০০.০০ |
| ১১। | সিরামিক সামগ্রী তৈরীর কারখানা এবং অন্যান্য মিল অথবা কারখানা | ১৫০.০০ |
| ১২। | বিড়ি/সিগারেট তৈরীর কারখানা | ২৫০.০০ |
| ১৩। | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১৫০.০০ |
| ১৪। | ওয়েলডিং ওয়ার্কসপ | ১০০.০০ |
| ১৫। | ইট ভাটা (প্রতি চিমনীর জন্য) | ৫০০.০০ |
| ১৬। | আবাসিক হোটেল | ২৫০.০০ |
| ১৭। | হাইওয়ে ইন | ৫০০.০০ |
| ১৮। | অনাবাসিক হোটেল, রেষ্টুরেন্ট | ১০০.০০ |
| ১৯। | যান্ত্রিক যানবাহন ঃ— | |
| | (ক) মিশুক | ৫০.০০ |
| | (খ) বেবী ট্যাক্সি | ৫০.০০ |
| | (গ) টেম্পো | ৫০.০০ |
| | (ঘ) ট্যাক্সি/ট্যাক্সি ক্যাব/কার | ১০০.০০ |
| | (ঙ) মাইক্রোবাস | ১৫০.০০ |
| | (চ) মিনিবাস/মিনি ট্রাক/হিউম্যান হলার | ১৫০.০০ |
| | (ছ) বাস/ট্রাক/ট্যাংকার | ২৫০.০০ |
| | (জ) লঞ্চ | ২০০.০০ |
| ২০। | পরিবহণ এজেন্সি | ২৫০.০০ |
| ২১। | (ক) কাপড় ব্যবসায়ী (পাইকারী বিক্রেতা) | ১০০.০০ |
| | (খ) কাপড় ব্যবসায়ী (খুচরা বিক্রেতা) | ২৫.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ২২। | সুতা ব্যবসায়ী/পরিবেশক (পাইকারী) | ১০০.০০ |
| ২৩। | (ক) ছাপাখানা (স্বয়ংক্রিয় মেশিন ব্যতীত) | ১০০.০০ |
| | (খ) ছাপাখানা (স্বয়ংক্রিয় মেশিনসহ) | ২০০.০০ |
| ২৪। | (ক) ঘড়ির দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) ঘড়ির দোকান (ছোট) | ৫০.০০ |
| ২৫। | জুয়েলারী ঃ— | |
| | (ক) শোরুমসহ | ২৫০.০০ |
| | (খ) শোরুম ব্যতীত | ১০০.০০ |
| ২৬। | এম এস রড/সি, আই, সীট এবং সিমেন্টের দোকান ঃ— | |
| | (ক) বড় | ২৫০.০০ |
| | (খ) ছোট | ১৫০.০০ |
| ২৭। | (ক) টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর দোকান (এজেন্সীপ্রাপ্ত) | ২০০.০০ |
| | (খ) বড় (এজেন্সী ব্যতীত) | ১৫০.০০ |
| | (গ) ছোট (এজেন্সী ব্যতীত) | ১০০.০০ |
| | (ঘ) শুধু মেরামতের দোকান | ৫০.০০ |
| ২৮। | (ক) বাঁধাই কারখানা (মেশিনসহ) | ৫০.০০ |
| | (খ) বাঁধাই কারখানা (মেশিন ব্যতীত) | ২০.০০ |
| ২৯। | ডিপার্টমেন্টাল স্টোর ঃ— | |
| | (ক) বড় | ১৫০.০০ |
| | (খ) ছোট | ৭৫.০০ |
| ৩০। | (ক) ফার্মেসী (বড়) | ১৫০.০০ |
| | (খ) ফার্মেসী (ছোট) | ৭৫.০০ |
| | (গ) হোমিও ফার্মেসী/ইউনানী আয়ুর্বেদিক ফার্মেসী | ৫০.০০ |
| ৩১। | (ক) চশমার দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) চশমার দোকান (ছোট) | ৫০.০০ |
| ৩২। | (ক) জুতার দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) জুতার দোকান (ছোট) | ৫০.০০ |
| ৩৩। | (ক) ডেকোরেটরের দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) ডেকোরেটরের দোকান (ছোট) | ৫০.০০ |
| ৩৪। | (ক) বইয়ের দোকান (বড়) | ৫০.০০ |
| | (খ) বইয়ের দোকান (ছোট) | ২৫.০০ |

| ১ | | ২ | ৩ |
|---|---|---|---|
| ৩৫। | (ক) | সংবাদপত্রের স্টল (বড়) | ২৫.০০ |
| | (খ) | সংবাদপত্রের স্টল (ছোট) | ১০.০০ |
| ৩৬। | (ক) | মুদি দোকান (বড়) | ১৫০.০০ |
| | (খ) | মুদি দোকান (ছোট) | ৭৫.০০ |
| ৩৭। | (ক) | দর্জির দোকান (বড়) | ৫০.০০ |
| | (খ) | দর্জির দোকান (ছোট) | ২৫.০০ |
| ৩৮। | | বেডিং-এর দোকান | ৫০.০০ |
| ৩৯। | | ভিডিও/ভিসিডি/অডিও-এর দোকান | ১০০.০০ |
| ৪০। | | ভিডিও গেমস-এর দোকান | ১০০.০০ |
| ৪১। | (ক) | ফটো স্টুডিও (ল্যাব) | ১৫০.০০ |
| | (খ) | ফটো স্টুডিও (বড়) | ৭৫.০০ |
| | (গ) | ফটো স্টুডিও (ছোট) | ৫০.০০ |
| ৪২। | (ক) | চিকিৎসা রোগ নির্ণয় কেন্দ্র/মেডিক্যাল ডায়াগনস্টিক সেন্টার (বড়) | ২৫০.০০ |
| | (খ) | চিকিৎসা রোগ নির্ণয় কেন্দ্র/মেডিক্যাল ডায়াগনস্টিক সেন্টার (ছোট) | ১২৫.০০ |
| ৪৩। | (ক) | মিষ্টির দোকান (বড়) | ১৫০.০০ |
| | (খ) | মিষ্টির দোকান (ছোট) | ১০০.০০ |
| ৪৪। | (ক) | ফলের দোকান (বড়) | ২৫.০০ |
| | (খ) | ফলের দোকান (ছোট) | ১০.০০ |
| ৪৫। | (ক) | অটোমোবাইল সপ (বড়) | ১৫০.০০ |
| | (খ) | অটোমোবাইল সপ (ছোট) | ৭৫.০০ |
| ৪৬। | (ক) | বৈদ্যুতিক সামগ্রীর দোকান (বড়) | ১৫০.০০ |
| | (খ) | বৈদ্যুতিক সামগ্রীর দোকান (ছোট) | ১০০.০০ |
| ৪৭। | | মোটরের খুচরা যন্ত্রাংশের দোকান | ১০০.০০ |
| ৪৮। | (ক) | হার্ডওয়ারের দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) | হার্ডওয়ারের দোকান (ছোট) | ৫০.০০ |
| ৪৯। | | স্যানিটারী সামগ্রীর দোকান | ১০০.০০ |
| ৫০। | (ক) | সিগারেট এবং বিড়ির দোকান (পাইকারী/এজেন্সীপ্রাপ্ত) | ১৫০.০০ |
| | (খ) | সিগারেট এবং বিড়ির দোকান (পাইকারী/এজেন্সী ছাড়া) | ২৫.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৫১। | বিভিন্ন মাপের চেরাই করা কাঠের ব্যবসা | ১০০.০০ |
| ৫২। | জ্বালানী কাঠের দোকান | ২৫.০০ |
| ৫৩। | আসবাবপত্র ব্যবসা প্রতিষ্ঠান | ১০০.০০ |
| ৫৪। | বাই সাইকেল, রিক্সার খুচরা যন্ত্রাংশের দোকান | ৫০.০০ |
| ৫৫। | বাই সাইকেলের দোকান | ১০০.০০ |
| ৫৬। | স্টীলের আসবাবপত্রের দোকান | ১০০.০০ |
| ৫৭। | ক্রোকারিজ শপ | ৫০.০০ |
| ৫৮। | কাঁচ বাঁধাইয়ের দোকান | ২৫.০০ |
| ৫৯। | (ক) তৈরী পোষাকের দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) তৈরী পোষাকের দোকান (ছোট) | ৫০.০০ |
| ৬০। | ফ্যাক্স, ফোন ও কুরিয়ার সার্ভিস | ৫০.০০ |
| ৬১। | (ক) রিক্সা ও রিক্সাভ্যান তৈরীর কারখানা (বড়) | ১০০.০০ |
| | (খ) রিক্সা ও রিক্সাভ্যান তৈরীর কারখানা (ছোট) | ৫০.০০ |
| ৬২। | মদের দোকান (লাইসেন্সকৃত) | ২৫০.০০ |
| ৬৩। | মাইক ভাড়ার দোকান | ১০০.০০ |
| ৬৪। | ব্যাটারির দোকান | ২৫.০০ |
| ৬৫। | (ক) হার্ডবোর্ড/পারটেক্স ফরমিকার দোকান (বড়) | ১০০.০০ |
| | (খ) হার্ডবোর্ড/পারটেক্স ফরমিকার দোকান (ছোট) | ৫০.০০ |
| | (গ) ফোম/রেক্সিন | ৫০.০০ |
| ৬৬। | (ক) বেকারী কারখানা (বড়) | ৫০.০০ |
| | (খ) বেকারী কারখানা (ছোট) | ২৫.০০ |
| ৬৭। | ফটোস্ট্যাটের দোকান | ২৫.০০ |
| ৬৮। | কাঁসা/পিতলের দোকান | ২৫.০০ |
| ৬৯। | কম্পিউটার বিক্রির দোকান | ১০০.০০ |
| ৭০। | টিভি পার্টস ও এন্টেনা বিক্রির দোকান | ৫০.০০ |
| ৭১। | এলপি গ্যাস ব্যবসা | ১০০.০০ |
| ৭২। | ভিসা এজেন্ট | ১০০.০০ |
| ৭৩। | (ক) রংয়ের দোকান (এজেন্সী) | ১০০.০০ |
| | (খ) রংয়ের দোকান (খুচরা) | ৫০.০০ |
| ৭৪। | ডিস লাইনের ব্যবসা | ১০০.০০ |
| ৭৫। | ফিলিং স্টেশন/পেট্রোল পাম্প | ২৫০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৭৬। | (ক) কমিউনিটি সেন্টার (শীতাতপ নিয়ন্ত্রিত) | ২৫০.০০ |
| | (খ) কমিউনিটি সেন্টার (শীতাতপ বিহীন) | ১৫০.০০ |
| ৭৭। | মোবাইল ফোন বিক্রেতা এজেন্সী | ১৫০.০০ |
| ৭৮। | হাঁস মুরগির দোকান | ২৫.০০ |
| ৭৯। | বিজ্ঞাপন প্রতিষ্ঠান | ১০০.০০ |
| ৮০। | (ক) সার/কীটনাশক ঔষধ এজেন্সী | ১০০.০০ |
| | (খ) সার/কীটনাশক ঔষধের দোকান | ৫০.০০ |
| ৮১। | কোল্ড স্টোরেজ/গোডাউন | ২৫০.০০ |
| ৮২। | রিয়েল স্টেট/বিল্ডার্স/ডেভলপার্স | ২৫০.০০ |
| ৮৩। | হোন্ডা/কার/বিভিন্ন গাড়ীর শো রুম/বিক্রেতা | ৫০০.০০ |
| ৮৪। | যে কোন পণ্যের পরিবেশক (এজেন্সী) | ১০০.০০ |
| ৮৫। | পশারী/ভূষা মালের ব্যবসা | ২৫.০০ |
| ৮৬। | কাঁচ/গ্লাস ব্যবসা | ২৫.০০ |
| ৮৭। | ব্যাগ/সুটকেস ব্যবসা | ৭৫.০০ |
| ৮৮। | স্পোর্টস/খেলনা সামগ্রী | ৫০.০০ |
| ৮৯। | সিকিউরিটি সার্ভিস ব্যবসা | ১০০.০০ |
| ৯০। | জেনারেটর ব্যবসা (ভাড়ার জন্য) | ৫০.০০ |
| ৯১। | (ক) হেয়ার ড্রেসিং সেলুন (বড়) | ৫০.০০ |
| | (খ) হেয়ার ড্রেসিং সেলুন (ছোট) | ২৫.০০ |
| ৯২। | মাংস বিক্রেতা | ৫০.০০ |
| ৯৩ | (ক) লন্ড্রী (বড়) | ২৫.০০ |
| | (খ) লন্ড্রী (ছোট) | ১৫.০০ |

ব্যাখ্যাঃ—এই দফায় "বড়" বলিতে অন্যূন ১২ বর্গফুট আয়তনের দোকান বা প্রতিষ্ঠানকে বুঝাইবে।

৪। **বিজ্ঞাপনের উপর কর আরোপ** ঃ—কোন ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত এলাকায় স্থাপিত সাইনবোর্ডের ক্ষেত্রে প্রতি বর্গফুট অথবা উহার অংশ বিশেষের জন্য নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত হারে কর আরোপযোগ্য হইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | সাইনবোর্ডের শ্রেণী | আরোপযোগ্য কর |
|---|---|---|
| (১) | বেসরকারী জমি এবং ভবনের উপর স্থাপিত বা সাঁটিয়া দেওয়া বিজ্ঞাপন/বিলবোর্ড। | ৫.০০ |
| (২) | ইউনিয়ন পরিষদের জমির উপর স্থাপিত বা সাঁটিয়া দেয়া বিজ্ঞাপন/বিলবোর্ড। | ৬.০০ |

৫। **সিনেমা এবং অডিওভিজুয়্যাল প্রদর্শনীর উপর কর আরোপ ঃ**—সিনেমা এবং অডিওভিজুয়্যাল প্রদর্শনীর ক্ষেত্রে দর্শকদের নিকট হইতে সংগৃহীত প্রবেশ মূল্যের সর্বোচ্চ ১০% হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে, শর্ত থাকে যে, শিক্ষামূলক অথবা দাতব্য উদ্দেশ্যে আয়োজিত প্রদর্শনীর ক্ষেত্রে আংশিক অথবা পূর্ণ কর অব্যাহতি প্রদান করা যাইবে।

৬। **যানবাহনের উপর কর আরোপ ঃ**—বিভিন্ন শ্রেণীর যানবাহন ও উহার লাইসেন্সের ক্ষেত্রে নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত হারে কর আরোপযোগ্য হইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | আরোপযোগ্য কর |
|---|---|---|
| (১) | রিক্সা (ভাড়ায় চালিত) | ২০.০০ |
| (২) | দুই চাকাবিশিষ্ট ঠেলাগাড়ী জাতীয় বাহন | ২০.০০ |
| (৩) | তিন চাকাবিশিষ্ট বাহন (ভ্যান) | ২০.০০ |
| (৪) | রিক্সা ও ভ্যানের ড্রাইভিং লাইসেন্স | ১৫.০০ |
| (৫) | অযান্ত্রিক মালবাহী নৌকা | ১৫.০০ |
| (৬) | ইঞ্জিন পরিচালিত নৌকা/ট্রলার | ৫০.০০ |

৭। **মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং বাণিজ্যিক প্রদর্শনীর উপর কর ঃ**—কোন ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত কোন মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং উক্ত মেলা বা প্রদর্শনীর জন্য উক্ত মেলা বা প্রদর্শনীর আয়োজনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশ মূল্যের উপর অনধিক শতকরা ১০% হারে কর আরোপযোগ্য হইবে।

৮। **রহিতকরণ ঃ**— ইউনিয়ন পরিষদসমূহের কর তফসিল (Tax Schedule) সংক্রান্ত ইতোপূর্বেকার সকল ইনস্ট্রুমেন্ট এতদ্দ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, ওয়াই, বি, আই, সিদ্দিকী
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।